# বাংলাদেশ কৃষি ব্যাংক
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ০২২২৩৩৮৬৯১১
পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩৩
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd;
www.krishibank.org.bd


পরিপত্র নং-পসবি-০৪/২০২৩

তারিখ: ০৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংক বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের বদলির বিষয়ে অর্পিত প্রশাসনিক ক্ষমতা সংশোধন প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংক, পর্ষদ সচিবালয় বিভাগ হইতে জারিকৃত পরিপত্র নং-পসবি-০১/২০১৩, তারিখ: ০৫-০৮-২০১৩খ্রি. এর মাধ্যমে ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের প্রশাসনিক ক্ষমতা অর্পণ করা হয়। বর্তমানে উক্ত পরিপত্রের আলোকে প্রশাসনিক ক্ষমতা প্রয়োগের বিষয়ে কার্যক্রম পরিচালিত হয়। নিরীক্ষা কার্যক্রমকে কার্যকর ও গতিশীল করা এবং উক্ত কার্যক্রমে যথাযথ নিরপেক্ষতা আনয়ন ও অধিকতর প্রশাসনিক স্বচ্ছতা নিশ্চিত করার নিমিত্ত বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের বদলির বিষয়ে অর্পিত প্রশাসনিক ক্ষমতা সংশোধনের বিষয়ে একটি কার্যপত্র ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ১২-১২-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৪৭তম সভায় উপস্থাপন করা হয়। সে পরিপ্রেক্ষিতে বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের বদলির বিষয়ে অর্পিত প্রশাসনিক ক্ষমতা (পসবি-০১/২০১৩, সংযোজনী-৩, ক্রমিক নম্বর-০৩) নিম্নরূপ সংশোধন করা হইল:

| কর্মকর্তা-কর্মচারীর বিবরন | বিদ্যমান বদলির ক্ষমতা | সংশোধিত বদলির ক্ষমতা |
|---|---|---|
| উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা<br>বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় | মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়<br>(বিভাগের অধিক্ষেত্রাধীন) | প্রশাসন মহাবিভাগ<br>বাংলাদেশ কৃষি ব্যাংক<br>প্রধান কার্যালয়, ঢাকা |
| কর্মকর্তা, উর্ধ্বতন কর্মকর্তা, মুখ্য কর্মকর্তা<br>বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় | মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়<br>(বিভাগের অধিক্ষেত্রাধীন) | |
| পরিদর্শক ও তদনিম্ন সকল কর্মচারী<br>বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়<br>(শুধুমাত্র বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তার এখতিয়ারাধীন) | উপমহাব্যবস্থাপক (প্রশাসন)<br>বিভাগীয় কার্যালয় | |
| পরিদর্শক ও তদনিম্ন সকল কর্মচারী<br>আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় | মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/<br>আঞ্চলিক ব্যবস্থাপক<br>(কার্যালয়ের অধিক্ষেত্রাধীন) | |

০২। পর্ষদ সচিবালয় বিভাগ পরিপত্র নং-পসবি-০১/২০১৩ এর প্রশাসনিক ক্ষমতার অন্যান্য বিষয়াবলি অপরিবর্তিত থাকিবে।

০৩। এই ক্ষমতা অর্পণ সংশোধনী আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

(মোঃ শওকত আলী খান)
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-২/১৬(১)(৭)/২০২৩-২০২৪/১৪১৪(১২৫০)

তারিখ: ০৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (উপর্যুক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো)।
৫। সকল উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয়।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

(মোঃ জয়নাল আবেদীন)
মহাব্যবস্থাপক (প্রশাসন)